



বাংলাদেশ শিপিং কর্পোরেশন
বিএসসি ভবন, সল্টগোলা রোড, চট্টগ্রাম।
Website: www.bsc.gov.bd



নং-১৮.১৬.০০০০.৩৮৩.৫৭.০০১.১৯

তারিখ: ১৮ আগস্ট, ২০২০ খ্রি.

নিয়োগ বিজ্ঞপ্তি

বাংলাদেশ শিপিং কর্পোরেশনের জাহাজ বহরে (Bulk Carrier ও Oil & Chemical Tanker) নিম্নোক্ত শূন্য পদে সরাসরি নিয়োগের লক্ষ্যে প্রকৃত অভিজ্ঞতা ও যোগ্যতা সম্পন্ন বাংলাদেশী স্থায়ী নাগরিকদের নিকট হতে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে :-

ক্রঃ নং	পদের নাম	পদ সংখ্যা	বয়স	বেতনস্কেল (বিএসসির বেতনস্কেল- ২০১৫ অনুযায়ী)	শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা
০১।	মাস্টার	০৮টি	অনুর্ধ্ব ৫২ বৎসর	টাঃ ৮৪০০০-৮৭১৫০-৯০৪২০- ৯৩৮২০-৯৭৩৪০- ১০১০০০- ১০৪৭৯০-১০৮৭২০-১১২৮০০- ১১৭০৩০-১২১৪২০-১২৫৯৮০- ১৩০৭১০	প্রথম শ্রেণীর কম্পিউটেন্সি সার্টিফিকেট (ডেক অফিসার) অথবা সমমানের সার্টিফিকেট।
০২।	চীফ ইঞ্জিনিয়ার	০৮টি	অনুর্ধ্ব ৫২ বৎসর	টাঃ ৮৪০০০-৮৭১৫০-৯০৪২০- ৯৩৮২০-৯৭৩৪০- ১০১০০০- ১০৪৭৯০-১০৮৭২০-১১২৮০০- ১১৭০৩০-১২১৪২০-১২৫৯৮০- ১৩০৭১০	প্রথম শ্রেণীর কম্পিউটেন্সি সার্টিফিকেট (মেরিন ইঞ্জিনিয়ার অফিসার) অথবা সমমানের সার্টিফিকেট।

০১। আবেদনকারীকে সরকার কর্তৃক চাকরীর নির্ধারিত আবেদন ফরম পূরণ করে আগামী ৩০-০৯-২০২০খ্রি. তারিখের মধ্যে “মহাব্যবস্থাপক (শিপ পার্সোনেল), বাংলাদেশ শিপিং কর্পোরেশন, বিএসসি ভবন, সল্টগোলা রোড, চট্টগ্রাম-এর বরাবর হার্ডকপি এবং সফটকপি (সংযুক্তিসহ) gm-spd@bsc.gov.bd (cc to md@bsc.gov.bd, gm-cht@bsc.gov.bd) ই-মেইলে পৌঁছাতে হবে। অসম্পূর্ণ/ত্রুটিপূর্ণ আবেদনপত্র বা নির্ধারিত তারিখে/সময়ের পর কোন আবেদনপত্র গ্রহণ করা হবে না। খামের উপর পদের নাম উল্লেখ করতে হবে। নির্ধারিত আবেদন ফরমটি জনপ্রশাসন মন্ত্রণালয়ের ওয়েব সাইটে এবং বিএসসির ওয়েব সাইট www.bsc.gov.bd তে পাওয়া যাবে।

০২। আবেদনপত্রের সাথে যে সকল কাগজপত্র সংযুক্ত করতে হবে :

(ক) সকল শিক্ষাগত যোগ্যতার সার্টিফিকেটের সত্যায়িত কপি; (খ) প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্রের সত্যায়িত কপি; (গ) স্থানীয় ইউনিয়ন পরিষদ/পৌর-সভার চেয়ারম্যান/ওয়ার্ড কাউন্সিলর কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদপত্র ও জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত কপি; (ঘ) সদ্য তোলা ০৪ কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত রসিদ ছবি; (ঙ) অভিজ্ঞতা সনদপত্রের সত্যায়িত কপি; (চ) বাংলাদেশ শিপিং কর্পোরেশন, চট্টগ্রাম এর অনুকূলে ২০০০/- (দুই হাজার) টাকার (অফেরৎযোগ্য) পে-অর্ডার/ব্যাংক ড্রাফট; (ছ) সিডিসি এর সত্যায়িত কপি; (জ) সিওসি ক্লাস-১ এর সত্যায়িত কপি।

বি.দ্র. আবেদনপত্র ও খামে পদের নাম উল্লেখের ক্ষেত্রে “মাস্টার (স্থায়ী) অথবা চিফ ইঞ্জিনিয়ার (স্থায়ী) লিখতে হবে।

০৩। আগামী ৩০-০৯-২০২০খ্রি. তারিখে প্রার্থীর বয়স অনুর্ধ্ব ৫২ বছর হতে হবে। বয়সের ক্ষেত্রে কোন এফিডেভিট গ্রহণযোগ্য হবে না।

০৪। মৌখিক পরীক্ষা/সাক্ষাৎকার গ্রহণের সময় সকল ধরনের সনদপত্রের মূল কপি প্রদর্শন করতে হবে।

- ০৫। প্রার্থীদেরকে লিখিত ও মৌখিক পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে। নির্বাচনী পরীক্ষায় (লিখিত ও মৌখিক সাক্ষাৎকার) অংশগ্রহণের জন্য প্রার্থীদেরকে কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।
- ০৬। কর্তৃপক্ষ সরকারী বিধি-বিধানের সাথে সাংঘর্ষিক নয় এমনভাবে কোন শর্ত পরিবর্তন বা অতিরিক্ত শর্ত সংযোজন করতে পারবেন। আবেদনপত্র গ্রহণ, বাছাই এবং নিয়োগের ক্ষেত্রে কোন কারণ দর্শানো ব্যতিরেকে বাংলাদেশ শিপিং কর্পোরেশন কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে। এ নিয়োগ বিজ্ঞপ্তি আংশিক/সম্পূর্ণ পরিবর্তন/ বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করে।
- ০৭। উপজাতীয় প্রার্থীর ক্ষেত্রে জেলা প্রশাসক/সার্কেল চীফ কর্তৃক প্রদত্ত সনদের প্রথম শ্রেণীর গেজেটেড অফিসার কর্তৃক সত্যায়িত কপি সংযুক্ত করতে হবে।
- ০৮। কোটা সম্পর্কিত প্রচলিত সরকারি নিয়ম/নীতিমালা যথাযথভাবে অনুসরণ করা হবে।
- ০৬। কোন তথ্য গোপন করে বা ভুল তথ্য প্রদান করে চাকুরীতে নিয়োগপ্রাপ্ত হলে সংশ্লিষ্ট প্রার্থীর নিয়োগাদেশ বাতিল করা হবে এবং তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।
- ১০। প্রার্থীর যোগাযোগের ঠিকানা সম্বলিত ২০ (বিশ) টাকা মূল্যের ডাক টিকেটসহ ৯"X৪" সাইজের ফেরৎ খাম আবেদনপত্রের সাথে সংযুক্ত করতে হবে।
- ১১। চাকুরীরত প্রার্থীকে অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে, কোন অগ্রিম কপি গ্রহণযোগ্য হবে না এবং হাতে হাতে কোন আবেদনপত্র গ্রহণ করা হবে না।
- ১২। নিয়োগের জন্য বাছাইকৃত ব্যক্তি/প্রার্থীকে ০১ (এক) বছরের জন্য শিক্ষানবিস থাকতে হবে।
- ১৩। বিজ্ঞপ্তিতে পদের সংখ্যা হ্রাস বৃদ্ধি বা বাতিল/প্রত্যাহারের অধিকার কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।
- ১৪। নিয়োগ সংক্রান্ত যে কোন বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

সতর্কীকরণ: নিয়োগ সংক্রান্ত বিষয়ে কোন পক্ষের সাথে কোন ধরনের যোগাযোগ এবং আর্থিক লেনদেনের তথ্য পাওয়া গেলে তা প্রার্থীর অযোগ্যতা হিসেবে গণ্য করা হবে এবং তৎক্ষণিক প্রার্থীর আবেদন পত্রটি বাতিল হিসেবে বিবেচিত হবে।

(ক্যাপ্টেন জামাল হোসেন তালুকদার)
মহাব্যবস্থাপক (শিপিং পার্সোনেল)
বাংলাদেশ শিপিং কর্পোরেশন
ও
সদস্য-সচিব, নিয়োগ কমিটি
বিএসসি ভবন, পোঃ বক্স নং-৬৪১,
সল্টগোলা রোড, চট্টগ্রাম।